# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================

১) দুর্নীতিকে সম্পূর্ণভাবে নির্মূল করা উচিৎ বলে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর মন্তব্য।

২) উপজাতী সম্প্রদায়ের দ্রুত উন্নয়নে সরকার কাজ করে চলেছে বলে কেন্দ্রীয় উপজাতি উন্নয়ন পরিক্রমা দপ্তরের মন্ত্রী জুয়েল ওরামের প্রকাশ ।

৩) রাজ্যের ৫টি বিধানসভা আসনের উপনির্বাচনের আর মাত্র ৪ দিন বাকি থাকায় বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারাভিযান আরো জোরদার । ধলাই বিধানসভা আসনের উপ-নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে কাছাড় জেলা প্রশাসনের চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত ।

এবং

৪) রাজ্যের নব প্রজন্মকে বিদ্যালয়ের পাঠ্যক্রমের সঙ্গে কৃষিক্ষেত্রের জ্ঞান তথা অভিজ্ঞতা আহরণ করার সুবিধা প্রদান করা উচিৎ বলে কৃষিমন্ত্রী অতুল বরার মন্তব্য ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু দূর্নীতিকে একটি মারাত্মক রোগ বলে উল্লেখ করে এই রোগকে সম্পূর্ণ নির্মূল করতে হবে বলে মত প্রকাশ করেছেন । আজ নতুন দিল্লীতে কেন্দ্রীয় সতর্কতা কমিশনের সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দিয়ে এ কথা বলেন । রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু বলেন যে সরকার দূর্নীতি

নিবারণের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে । দূর্নীতি নিবারেণে সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি প্রত্যক্ষ লাভ হস্তান্তর কর্মসূচি, ই-মার্কেট প্লাস, এবং অর্থনৈতিক অপরাধ আইনের ওপর বিশেষ ভাবে আলোকপাত করেন । রাষ্ট্রপতি বলেন যে কেন্দ্রীয় সতর্কতা কমিশন সর্দার বল্লবভাই প্যাটেলের জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে প্রতি বছর এই সপ্তাহ পালন করে । বিশ্বাস একটি সমাজের মূল ভীত বলে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন যে দূর্নীতি এবং ভ্রাষ্টাচার সমাজে বিশ্বাসের ওপর আঘাত করছে । এবছর রাষ্ট্রের সমৃদ্ধির জন্য সততার সংস্কৃতিকে মূল বিষয় হিসেবে গ্রহণ করে গত ২৮ অক্টোবর থেকে তেসরা নভেম্বর পর্যন্ত এই সপ্তাহ পালন করা হয় ।সতর্কতা সচেতনতা সপ্তাহের সঙ্গে সঙ্গতি রেখে কমিশন ১৬ আগষ্ট থেকে ১৫ নভেম্বর পর্যন্ত তিনমাসব্যাপী প্রতিরোধমূলক সতর্কতা অভিযানও চালিয়েছে । কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রনালয় এবং সংস্থা এই অভিযানে অংশ গ্রহণ করেছেন ।

---------------------------------------------------------------------------------

উপজাতি সম্প্রদায়ের লোকেদের দ্রুত উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার ক্রমাগত কাজ করে চলেছে বলে কেন্দ্রীয় উপজাতি পরিক্রমা বিভাগের মন্ত্রী জুয়াল ওরাম আজ গৌহাটিতে মন্তব্য করেছেন । উপজাতি বসতি প্রধান অঞ্চলে দ্রুত উন্নয়নে চলতি বছরের বাজেটে সাড়ে তিন লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে বলে তিনি জানান । বরাদ্দকৃত এই অর্থ দিয়ে উপজাতি বসতি প্রধান অঞ্চলের ২৫ হাজার কিলিমিটার সড়ক নির্মান করা হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী আজ গৌহাটি খানাপড়া পশু চিকিৎসা মহাবিদ্যালয়ে আয়োজিত পূর্বোত্তর আদি মহোৎসবে অংশ গ্রহণ করে মত প্রকাশ করেন । এই উৎসবের উদ্বোধন করে তিনি বলেন যে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির জৈবিক কৃষির ওপর গুরুত্ব আরোপ করা উচিৎ । তিনি আরো বলেন যে আগামী ১৫ নভেম্বর বিহারের জামুই অঞ্চলে উপজাতি গৌরব দিবস পালন করা হবে । এই দিবসের মূখ্য কার্যসূচিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উপস্থিত থাকবেন বলেও তিনি জানান ।

উল্লেখ্য যে কেন্দ্রীয়মন্ত্রী শ্রী ওরামের আজকের উদ্বোধন করা এই মহোৎসবে উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের ১শো ৪টি বিপনী অংশ গ্রহণ করে । উপজাতি শিল্প-সংস্কৃতি, খাদ্য ও পণ্য প্রসার ও প্রচারের উদ্দেশ্যে উপজাতি পরিক্রমা মন্ত্রনালয় এবং ট্রাইফয়েড এই মহোৎসবের আয়োজন করেছে । এতে রাজ্য সরকারের শিক্ষা তথা উপজাতি পরিক্রমা মন্ত্রী ডক্টর রণোজ পেগু সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ৫টি বিধানসভা আসনে উপ-নির্বাচনের আর মাত্র ৪ দিন বাকি থাকায় বিভিন্ন রাজনৈতিক দল ব্যাপক প্রচারাভিযান চালিয়েছে । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ সিদলী এবং বঙ্গাইগাও বিধানসভা আসনের বি জে পি মিত্র জোটের প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচার কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । বি জে পির প্রবীন নেতা তথা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাগুরি এবং বিহালী বিধানসভা আসনের দলীয় প্রার্থীর পক্ষের নির্বাচনী প্রচার চালান । অসম প্রদেশ কংগ্রেস সভাপতি ভূপেন বরাও সিদলি আসনের দলীয় প্রার্থীর পক্ষে বেশ কয়েকটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন । ধলাই বিধানসভা আসনের উপনির্বাচনের প্রচারাভিযান আজ আরো জোরদার হয়ে ওঠেছে । ভারতীয় জনতা পার্টী এবং এই আসনের প্রধান বিরোধী কংগ্রেস প্রার্থী উভয়ই নিজ নিজ দলের পক্ষে ভোটদাতাদের আকর্ষিত করতে দেওয়াল লিখন , লিফলেট বিতরণ ছাড়াও সভা সমিতি ইত্যাদির আয়োজন করছে ।

এদিকে কাছাড় জেলা প্রশাসন আগামী ১৩ নভেম্বর ধলাই বিধান আসনের উপনির্বাচন অবাধ,সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে চূড়ান্ত প্রস্তুতি পর্বের কাজ অব্যাহত রেখেছে । এতিমধ্যেই ভোটকর্মীদের ফেমিলিরাইজেশন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে । এদিকে ভোট গ্রহণ পর্ব আরো বেশী স্বচ্ছ ও সরল করার উদ্দেশ্যে আজ কাছাড়ের জেলা আয়ুক্তের সম্মিলন কক্ষে মাইক্র অবজারভারদের প্রশিক্ষণ প্রদান করা হয় । এতে, প্রশিক্ষক ডক্টর জয়দীপ বিশ্বাস , প্রশিক্ষণ সমন্বয়ক বাপী দত্ত চৌধুরী , ডক্টর নিতু দেবনাথ প্রমুখ মাইক্র অবজারভারদের নির্বাচনে তাদের দায়িত্ব এবং ভূমিকা ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন । আজকের প্রশিক্ষণ সভায় নির্বাচন পর্যবেক্ষকও উপস্থিত ছিলেন ।

আগামীকাল এবং আগামী রবিবারও শিলচর কাছাড় কলেজে ভোটকর্মীদের প্রশিক্ষণ কার্যসূচি অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটদাতাদের ভোটদানের প্রতি আকর্ষিত করতে জেলা প্রশাসনের উদ্যোগে সিস্টেমেটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেক্টরেল পার্টিসিপেশন ( এস ভি ই ই পি ) প্রোগ্রামের অধীনে আজ ২০৮ টি আকাশ প্রদীপ প্রজ্জ্বলন ও রঙবেরংয়ের বেলুন ওড়ানো হয় । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , অতিরিক্ত জেলা আয়ুক্ত ভ্যানলাল লিম্পুইয়া নাম্পুই প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

গুয়াহাটী হাইকোর্ট রাজ্যের ট্রেডিং কেলেঙ্কারী মামলার প্রধান অভিযুক্ত বিশাল ফুকনের জামিনের আবেনের ভিত্তিতে মামলার কেস ডায়েরী আগামী ১৪ ই নভেম্বর দাখিল

করতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে নির্দেশ দিয়েছে ।এদিকে এই কেলেঙ্কারী মামলায় অভিযুক্ত সুমি বরা সহ অন্য তিনজন অভিযুক্তকে আজ সি বি আইর বিশেষ আদালতে হাজির করানোর পর আদালত তাদেরকে বিচার বিভাগীয় হেফাজতে প্রেরণ করেছে ।

-----------------------------------------------------------------------------------------

কৃষিমন্ত্রী অতুল বরা রাজ্যের নব প্রজন্মকে বিদ্যালয়ের পাঠ্যক্রমের সঙ্গে কৃষির জ্ঞান তথা অভিজ্ঞতা আহরণ করার সুবিধা প্রদান করা উচিত বলে মন্তব্য করেছেন ।মন্ত্রী বরা আজ যোরহাট জেলার একটি বিদ্যালয়ের জমিতে শিক্ষার্থীদের সঙ্গে ধান কাটার সূচনা করে এই মন্তব্য করেন ।তিনি বলেন যে রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলি যদি বিদ্যালয় পর্যায় থেকে শিক্ষার্থীদের কৃষিকর্মের প্রতি আগ্রহী করে তুলতে সক্ষম হয় তাহলে শিক্ষার্থীরা বিভিন্ন বৃত্তির সঙ্গে কৃষি বিজ্ঞানী তথা কৃষিকর্মের প্রতি আগ্রহী হবে ।এরফলে তারা কৃষিকর্মের মাধ্যমে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়া সহ রাজ্যের অর্থনীতির বিকাশেও সহায়ক হবে ।কৃষিভিত্তিক রাজ্য হিসেবে আসামে দক্ষ কৃষকের প্রয়োজনীয়তার প্রতি লক্ষ্য রেখে বিদ্যালয়টির এ ধরণের প্রয়াসের প্রশংশা করেন তিনি ।তিনি বলেন যে গুণগত শিক্ষা প্রদানের সমান্তরালভাবে বিদ্যালয়টি বহনক্ষম কৃষি পদ্ধতির প্রসারের ক্ষেত্রে এক উল্লেখযোগ্য নিদর্শন তুলে ধরেছে ।তিনি রাজ্যের বহনক্ষম ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে এধরণের পদক্ষেপকে অনুকরণ করে রাজ্যের অর্থনীতিকে এক নতুন মাত্রা প্রদান করার জন্য সবার প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ  জেলায় কুষ্ঠ রোগ সনাক্তকরণ সম্পর্কে জেলা স্বাস্থ্য আধিকারীক ও কুষ্ঠ রোগ সনাক্তকরণ কর্মীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে কুষ্ঠু রোগ সনাক্তকরণ সম্পর্কে প্রশিক্ষণও প্রদান করা হয় ।বৈঠকে স্বাস্থ্য বিভাগের অতিরিক্ত জেলা আয়ুক্ত জোনালি দেবী , স্বাস্থ্যবিভাগের যুগ্ম সঞ্চালক প্রমুখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

২০২৫ সালের পয়লা জানুয়ারীকে ভিত্তিবর্ষ করে প্রকাশিত হাইলাকান্দি জেলার ভোটার তালিকার সংশোধনের জন্য ওই জেলার ভোট কেন্দ্রগুলিতে সচেতনতা শিবিরের আয়োজন করা হবে । আগামীকাল ও আগামী রবিবার ভোট কেন্দ্রগুলিতে এই সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে বলে হাইলাকান্দি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে । এতে ভোট কেন্দ্রগুলির বি-এল-ওরা নিজ নিজ ভোটকেন্দ্রে উপস্থিত হয়ে ভোটারদের ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত করা সহ সংশোধনী আথবা স্থান পরিবর্তন ইত্যদি

কাজে সরাসরি সহায়তা করবেন । খসড়া ভোটার তালিকায় দাবি ও আপত্তি আগামী ২৮ নভেম্বর পর্যন্ত দাখিল করা যাবে ।

---

করিমগঞ্জ এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ে আজ ভাষা গৌরব সপ্তাহ উদযাপন উপলক্ষে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয় । মহাবিদ্যালয়ের বাংলা ও ইংরেজি বিভাগের উদ্যোগে আজ আলোচনা সভা , তাৎক্ষণিক বক্তৃতা , বাংলা বানান প্রতিযোগিতা, বাংলা , অসমীয়া ও মণিপুরী ভাষায় কবিতা আবৃত্তি , সঙ্গীত পরিবেশন ইত্যাদির আয়োজন করা হয় ।অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের অধ্যক্ষা ডঃ জয়শ্রী চক্রবর্তী , বাংলা বিভাগের প্রধান ডঃ দেবযানী দেবনাথ , ইংরেজি বিভাগের প্রধান ডঃ সুরজিৎ রায় প্রমুখ মাতৃভাষায় শিক্ষাদানের গুরুত্ব, ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন ।

---

বাংলা , অসমীয়া সহ পাঁচটি ভাষাকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি প্রদান করায় আসাম সরকারের উদ্যোগে রাজ্যে ভাষা গৌরব সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে বাংলা সাহিত্যসভা করিমগঞ্জ শাখার উদ্যোগে আগামী ১০ নভেম্বর করিমগঞ্জ সরস্বতী বিদ্যানিকেতনে ভাষা গৌরব সপ্তাহ উদযাপন উপলক্ষে এক সভার আয়োজন করা হয়েছে । সভায় বাংলা সাহিত্য সভা আসামের রাজ্য সভাপতি খগেন চন্দ্র দাস , রাজ্য সাধারণ সম্পাদক ডঃ প্রশান্ত চক্রবর্তী প্রমুখ উপস্থিত থাকবেন ।

---

দক্ষিণ করিমগঞ্জ সু-সংহত শিশু উন্নয়ন কর্মসূচির অধীনে ৪৪টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের মধ্যে ১০ কেন্দ্রের অঙ্গনওয়াড়ি কর্মী এবং ৩৪টি কেন্দ্রের অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে নিযুক্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে । ইচ্ছুক প্রার্থীরা প্রয়োজনীয় নথি-পত্র সহ পাশপোর্ট সাইজের ফটো সহ নির্ধারিত আবেদনপত্র পূরন করে এই পদের জন্য নাম নথিভুক্ত করতে পারবেন । অঙ্গনওয়াড়ি কর্মী পদের জন্য শিক্ষাগত যোগ্যতা উচ্চতর মাধ্যমিক উত্তীর্ণ এবং অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের জন্য প্রার্থীকে হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষা উত্তীর্ণ হতে হবে বলে জানানো হয়েছে ।

---

কিন্নরখাল গ্রামরক্ষী বাহিনীর সম্পাদক সমরকান্তি দে'র মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে গতকাল কিন্নরখাল ভৈরববাড়ী গ্রামরক্ষী বাহিনীর পক্ষ থেকে এক শোক সভার আয়োজন করা হয় ।মনীন্দ্র কুমার দাসের পৌরহিত্যে সভায় শোক সন্তপ্ত পরিবারের

প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয় । উল্লেখ্য প্রয়াত সমরকান্তি দে সম্প্রতি হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিশ্বাস ত্যাগ করেন ।বয়স হয়েছিল ৫৩ ।

---------------------------------------------------------------------------------